# শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

## কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

**আরএফকিউনং-শেপবিস-৩৩/২০২৪-২০২৫**

ISO 9001: 2015 certified

## শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক"পোল নাম্বারিং"কাজের দরপত্র দলিল

**For Procurement of Works & Physical Service**

**প্রশাসনবিভাগ**
**ভাতশালা, শেরপুর।**
মোবাইল -০১৭৬৯-৪০০৭৭৪
ই-মেইল-sherpurpbs@yahoo.com
ওয়েবসাইট-www.pbs.sherpur.gov.bd.

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।

Telephone No-0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.pbs.sherpur.gov.bd

স্মারক নম্বর: ২৭.১২.৮৯৮৮.৫৬৩.০১.০৩৬.২৫. ২৯৫৭ তারিখ: ০১ আষাঢ়' ১৪৩২ বঙ্গাব্দ

১৫ জুন' ২০২৫খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পোল নাম্বারিং করণের নিমিত্তে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।**

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা ও শর্ত অনুযায়ী শেরপুর-০৩ উপকেন্দ্রের পোল নাম্বারিং করণের জন্য প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী/সেবা প্রদানকারী বাংলাদেশী নিয়োজিত প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | | কাজের বিবরণ | একক | পোলের পরিমাণ | কাজের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|
| ৩৭/২০২৪-২৫ | | **পোলনা ম্বারিং (উপকেন্দ্রেরনাম: শেরপুর-০৩):**<br>(ক) ফিডার নং-1A, পোল সংখ্যা-২৮৮১টি।<br>(খ) ফিডার নং-2B, পোল সংখ্যা-১৩৭৭টি।<br>(গ) ফিডার নং-3C, পোল সংখ্যা-১৪৬৬টি।<br>(ঘ) ফিডার নং-4D, পোল সংখ্যা-২৭৭৬টি।<br>(সমিতিরনির্দেশনাঅনুযায়ী) | টি | ৮৫০০ (আট হাজার পাঁচশত) | শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরের শেরপুর-০৩ উপকেন্দ্রের ০৪ (চার) টি ফিডার। |

**শর্তাবলীঃ**

০১) দরপত্র সমূহ আগামী **২২/০৬/২০২৫খ্রিঃ** তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর-এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ **২২/০৬/২০২৫খ্রিঃ** তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হাল নাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদের এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অভিজ্ঞতার প্রমানপত্র **(কার্যাদেশের কপি বা End user certificate)** দাখিল করতে হবে **(সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়িত হতে হবে)**। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য **বা নন-রেসপনসিভ** বলে বিবেচিত হতে পারে।

০৩) **দরদাতাকে অবশ্যই দরপত্র দলিল (এস আর এফ কিউ) এর নির্ধারিত ফরমেটে (আংশিক গ্রহণযোগ্য নহে) এবং সকল স্থান যথাযথভাবে পূরণ ও সীল-স্বাক্ষর করত: দরপত্র দাখিল করতে হবে। নতুবা নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে।**

০৪) খামের উপর **"পোল নাম্বারিং করণের দরপত্র"** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৫) দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভাররাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরণ করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৬) কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পোল নাম্বারিংএর কাজ সম্পন্ন করতে হবে।

০৭) পোল নাম্বারিং এর সময় Road Mark Colour এবং Thiner একই ব্রান্ডের ব্যবহার করতে হবে। Road Mark Colour দ্বারা সাদা রং এর ব্যাক গ্রাউন্ড এর উপর লাল এর অক্ষর লিখতে হবে এবং মাটি থেকে ০৭ (সাত) ফুট উচ্চতায় পোলনাম্বারিং করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে Road Mark Colour, Thiner ও আনুসাঙ্গি কযাবতীয় মালামাল সরবরাহ করতে হবে। পবিস হতে কোনরূপ মালামাল সরবরাহ করবে না।

০৮) একলাইন লেখার জন্য প্রস্থ ৭৬ মিঃমিঃ দুইলাইনের জন্য ১৪০ মিঃ মিঃ, তিন লাইনের জন্য ২০৫ মিঃমিঃ ও অক্ষরের সাইজ ৪০ মিঃমিঃ হতে ৫০ মিঃমিঃ হতে হবে এবং লেখার দৈর্ঘ্য পোলের পরিধির চেয়ে বড় হবেনা। এছাড়া বাপবিবোর্ডের অন্যান্য নির্দেশনা অনুযায়ী পোল নাম্বারিং এর কাজ সম্পন্ন করতে হবে।

০৯) পবিস হতে সরবরাহকৃত নম্বর অনুযায়ী পোলনাম্বারিং করতে হবে। Road Mark Colour ও Thiner সরাবরাহ পূর্বক ডিজিএম (কারিগরী) অথবা তার উপযুক্ত প্রতিনিধির নিকট হতে সন্তোষজনক প্রত্যয়ন গ্রহণ করতে হবে। লেখা শুরুর পূর্বে সমিতি কর্তৃক নমুনা ভিত্তিক পরিবীক্ষণ ও সন্তোষজনক সাপেক্ষে কাজ শুরু করতে হবে। এতদব্যতিত গ্রহণ করা হবে না।

১০) পোল নাম্বারিং কাজের গুণগতমানের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। এছাড়া পরিশোধ যোগ্য বিল হতে ৫% নিরাপত্তা জামানত হিসেবে কর্তন করে রাখা হবে এবং কাজ সন্তোষজনক সাপেক্ষে০৬ (ছয়) মাস পর ফেরত প্রদান করা হবে।

১১) যথাসময়ে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১২) পোল নাম্বারিং কাজের সঠিকতা যাচাই-বাছাই কালে কোন ত্রুটি/ভুলভ্রান্তি পাওয়া গেলে তা কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে সংশোধন করতে হবে।

১৩) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১৪) শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৫) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি শেরপুর পবিসের ওয়েব সাইটে www.pbs.sherpur.gov.bd দেখতে পারবেন।

(প্রকৌঃ মোঃ মাইনউদ্দীন আহমদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

<u>বিভাগীয় অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুলপ্রচারের অনুরোধসহ)</u>

১। পরিচালক, পবিসউঃ ও পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো)।
৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.----------পবিস-১/২/৩/৪
৪। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, জামালপুর (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য প্রতিনিধি প্রেরনের জন্য অনুরোধ করা হল)
৫। ডিজিএম,কারিগরী ও সকল জোনাল অফিস, শেরপুর পবিস।
৬। এজিএম (অর্থ/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/আইটি), শেরপুর পবিস।
৭। এজিএম (আইটি), শেরপুর পবিস (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবেন)।
৮। নোটিশ বোর্ড, শেরপুর পবিস।
৯। অফিস কপি।

<u>বহির্বিভাগীয় অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারেনয়)</u>
<u>(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)</u>

১। জেলাপ্রশাসক /পুলিশসুপার, শেরপুর।
২। মেয়র, শেরপুর পৌরসভা, শেরপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর ও সকল উপজেলা, শেরপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, শেরপুর।
৫। মেসার্স ----------------------------------------।

(মোঃ ফিরোজ আলম মাহমুদ)
এজিএম (প্রশাসন)

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর

<u>কোটেশন দাখিলপত্র</u>

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: শেপবিস-৩৩/২০২৪-২০২৫, তারিখ: ১৫/০৬/২০২৫খ্রি.।

প্রতি
জেনারেলম্যানেজার
শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য সরবরাহের শর্তাবলী অনুসারে পোল নাম্বারি করণের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য -----------------------------------টাকা, (কথায় ------------------------------------------------------------------------------------------------------------------------------------)

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশ এবং এর মাধ্যমে চুক্তি সম্পাদিত হলে তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৫/০৬/২০২৫খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশননম্বরঃ শেপবিস-৩৩/২০২৪-২০২৫, তারিখ:-১৫/০৬/২০২৫খ্রি.।

| ক্র: নং | কাজের বিবরণ | একক | পরিমাণ | এককদর/মূল্য | | মোটমূল্য | কাজের স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | **পোলনা ম্বারিং (উপকেন্দ্রেরনাম: শেরপুর-০৩):**<br>(ক) ফিডার নং-1A, পোল সংখ্যা-২৮৮১টি।<br>(খ) ফিডার নং-2B, পোল সংখ্যা-১৩৭৭টি।<br>(গ) ফিডার নং-3C, পোল সংখ্যা-১৪৬৬টি।<br>(ঘ) ফিডার নং-4D, পোল সংখ্যা-২৭৭৬টি।<br>(সমিতিরনির্দেশনাঅনুযায়ী) | টি | ৮৫০০<br>(আট হাজার পাঁচশত) | | | | শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরের শেরপুর-০৩ উপকেন্দ্রের ০৪ (চার) টি ফিডার। |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্যের/কাজের মোটমূল্য<br>(ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |
| পত্র প্রেরণের ঠিকানা | শেরপুরপল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালাশেরপুর। | |
| মোট মূল্য টাকায় (কথায়) | | |
| প্রস্তাবিত সরবরাহ (সপ্তাহ অথ বা দিন উল্লেখ করুন, ক্রয় আদেশ জারির তারিখ থেকে) | ৩০ (ত্রিশ) দিন। | |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) (কাজ ও সংশ্লিষ্ট সেবা সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন) | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব...................(দিন/মাস/বছর) সময় পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ৫, ৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২. যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | কাজের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | **পোল নাম্বারিং**<br>**(উপকেন্দ্রের নাম: শেরপুর-০৩):**<br>(ক) ফিডার নং-1A, পোল সংখ্যা-২৮৮১টি।<br>(খ) ফিডার নং-2B, পোল সংখ্যা-১৩৭৭টি।<br>(গ) ফিডার নং-3C, পোল সংখ্যা-১৪৬৬টি।<br>(ঘ) ফিডার নং-4D, পোল সংখ্যা-২৭৭৬টি।<br>(সমিতির নির্দেশনা অনুযায়ী) | পোল নাম্বারিং এর সময় Road Mark Colour এবং Thiner একই ব্রান্ডের ব্যবহার করতে হবে। সাদা রং এর ব্যাক গ্রাউন্ড এর উপর লাল এর অক্ষর লিখতে হবে এবং মাটি থেকে ০৭ (সাত) ফুট উচ্চতায় পোল নাম্বারিং করতে হবে। | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, তাং........., ভাতশালা, শেরপুর

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।

Telephone No-0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.pbs.sherpur.gov.bd

স্মারকনম্বর: ২৭.১২.৮৯৮৮.৫৬৩.০১.০৩৬.২৫. তারিখ: আষাঢ়' ১৪৩২ বঙ্গাব্দ

জুন' ২০২৫খ্রিস্টাব্দ

| শেপবিস-৩৩/২০২৪-২০২৫, | তারিখ:-১৫/০৬/২০২৫খ্রি.। |
|---|---|
| প্রতি:<br>(সরবরাহকারীর নাম ও ঠিকানা) | |
| সরবরাহের তারিখ: | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: ....................টাকা (চুক্তি মূল্য) |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ....... তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্যের অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি।আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি।শর্তাবলীর সত্যায়িত অনুলিপি। |
| ক্রেতারজন্যঃ<br>জেনারেলম্যানেজার<br>শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি। |
| তারিখঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. 'চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে কাজ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য........................................................................................ টাকা।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০১ (এক) বছর।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়্যারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রেতার জন্যঃ | সরবরাহকারীর জন্যঃ |
|---|---|
| জেনারেল ম্যানেজার<br>শেরপুর পবিস। | নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখঃ | তারিখঃ |

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি ★ ... শেরপুর ★